



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ  
আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই)  
শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণি  
১/ক সেগুনবাগিচা, ঢাকা ১০০০  
www.imli.gov.bd

৩১ ভাদ্র ১৪২৯

স্মারক নং: ৩৭.২৬.০০০০.১০২.২৫.০০১.১৯-৮৪

তারিখ: -----

১৫ সেপ্টেম্বর ২০২২


### আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই)-এ মুদ্রণ প্রতিষ্ঠান (প্রেস) তালিকাভুক্তির বিজ্ঞপ্তি

২০২২-২৩ ও ২০২৩-২৪ অর্থ বছরের জন্য আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই)-এর মুদ্রণ সংক্রান্ত নিম্নে বর্ণিত কার্য সম্পাদনের নিমিত্ত উপযুক্ত ও গ্রহণযোগ্য প্রতিষ্ঠান তালিকাভুক্তির জন্য প্রকৃত মুদ্রণকারী প্রতিষ্ঠানের নিকট হতে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে:

ক্রম	বিবরণ
১	মন্ত্রণালয়/বিভাগ : শিক্ষা মন্ত্রণালয়
২	সংস্থা : আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই)
৩	প্রকিউরিং এন্টিটির নাম : আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই)
৪	মুদ্রণ কাজের বিবরণ : মুদ্রণ ও প্রকাশনা: আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই)-এর ত্রৈমাসিক বাংলা মুখপত্র মাতৃভাষা-বার্তা, ত্রৈমাসিক ইংরেজি মুখপত্র <i>IMLI Newsletter</i> , ষাণ্মাসিক বাংলা পত্রিকা মাতৃভাষা পত্রিকা, ষাণ্মাসিক ইংরেজি পত্রিকা <i>Mother Language</i> , মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদ্‌যাপন উপলক্ষে প্রকাশিত স্মরণিকা, ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর ভাষায় অনুবাদিত বঙ্গবন্ধুর অসমাপ্ত আত্মজীবনী, বহুভাষী পকেট অভিধান সহ বিভিন্ন বই মুদ্রণ সংক্রান্ত সকল কাজ।
৫	বিজ্ঞপ্তি নং ও তারিখ : বিজ্ঞপ্তি নং: ৩৭.২৬.০০০০.১০২.২৫.০০১.১৯-৮৪, তারিখ: ১৫/১০/২০২২
৬	তালিকাভুক্তির আবেদন দাখিলের সর্বশেষ তারিখ, সময় ও স্থান : তারিখ: ১০/১০/২০২২ খ্রি.; সময়: বিকাল ৩.০০টা অথবা অফিস সময়ের মধ্যে; স্থান: মহাপরিচালকের কার্যালয়ের সমানে রক্ষিত টেন্ডার বক্স, আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই)।
৭	আবেদন খোলার তারিখ, সময় ও স্থান : তারিখ: ১২/১০/২০২২ খ্রি.; সময়: বেলা: ১১.০০টা; আবেদনকারীগণের উপস্থিতিতে (যদি থাকে)

স্থান: সভাকক্ষ, আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই)।

- ৮ তালিকাভুক্তির যোগ্যতা : ক. বর্ষিত কাজে নতুন তালিকাভুক্তি এবং তালিকাভুক্তি নবায়নের জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে অবশ্যই নিজস্ব লেটার-হেড প্যাডে আবেদন করতে হবে এবং খামের উপর আবেদনের বিষয় উল্লেখ থাকতে হবে।  
খ. জনসংযোগ অনুবিভাগে তালিকাভুক্তিতে আগ্রহী প্রতিষ্ঠান সমূহকে তালিকাভুক্তি ফি বাবদ ৫,০০০.০০ (পাঁচ হাজার) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (বাংলাদেশের যে কোনো তফসিলী ব্যাংক হতে ইস্যুকৃত) “মহাপরিচালক, আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট”-এর অনুকূলে জমা দিতে হবে।
- ৯ আবেদনকারীর প্রয়োজনীয় দাখিলকৃত কাগজাদি : আবেদনপত্রের সঙ্গে নিম্নলিখিত কাগজপত্রের সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে:  
ক. সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের হালনাগাদ (২০২১-২২ খ্রি. অর্থ বছর পর্যন্ত হালনাগাদকৃত) ট্রেড লাইসেন্সের সত্যায়িত কপি;  
খ. ব্যাংক কর্তৃক প্রদত্ত আর্থিক সচ্ছলতার (ব্যাংক সলভেন্স) সনদপত্রের সত্যায়িত কপি (মার্চ ২০২২ মাসে প্রদত্ত);  
গ. আয়কর সনদসহ আয়কর পরিশোধের (টি আই এন উল্লেখসহ) হালনাগাদ রশিদের সত্যায়িত কপি;  
ঘ. হালনাগাদ ভ্যাট (VAT) সনদপত্রের সত্যায়িত কপি;  
ঙ. তালিকাভুক্তির জন্য প্রকাশনার বিবরণ এবং প্রকাশনার ০৩ টি সংখ্যার কপি সংযোজন করতে হবে,  
চ. আবেদনকারী প্রতিষ্ঠান যদি অন্য কোনো সরকারি/আধা-সরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে তালিকাভুক্ত হয়ে থাকে, তবে ঐ তালিকাভুক্তির এবং সন্তোষজনকভাবে কার্যসম্পাদনের দলিলের সত্যায়িত কপি;  
ছ. প্রেস ডিক্লারেশন (ছাপাখানার সাথে চুক্তি সম্পাদনের) সনদপত্রের সত্যায়িত কপি;  
জ. দলিলাদি অবশ্যই প্রত্যায়নপূর্বক দাখিল করতে হবে এবং প্রত্যায়নকারী কর্মকর্তার নাম, পদবি ও সিলমোহর স্পষ্টভাবে উল্লেখ থাকতে হবে, অন্যথাই কাগজাদি বিবেচনায় আনা হবে না।
- ১০ আবেদনকারী প্রতিষ্ঠানের যোগ্যতা, সুযোগ-সুবিধা ও কর্মদক্ষতা আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই)-এর দায়িত্বপ্রাপ্ত প্রতিনিধি দল কর্তৃক সরেজমিনে পরিদর্শন করা হবে। পরিদর্শনকালে আবেদনপত্রের সঙ্গে দাখিলকৃত দলিলাদির মূলকপি (original) পরিদর্শন দলকে নিরীক্ষার জন্য দেখাতে হবে।
- ১১ আবেদনপত্র গ্রহণ/খোলার নির্ধারিত তারিখে সরকারি ছুটি বা অনিবার্য কারণে অফিস বন্ধ থাকলে পরবর্তী কার্যদিবসে উপরোল্লিখিত স্থান ও সময়ে উপস্থিত আবেদনকারী অথবা তাদের প্রতিনিধির সম্মুখে খোলা হবে।
- ১২ কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকেই সকল আবেদন গ্রহণ ও বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

 ০৩/০২/২১

(প্রফেসর ড. হাকিম আরিফ)

মহাপরিচালক

আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই)

ফোন: ০২-৮৩৯১৩৪৬

ই-মেইল: [imli.moebd@gmail.com](mailto:imli.moebd@gmail.com)